# পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ
## মুর্শিদাবাদ জেলা শাখা
## বিজ্ঞান অভীক্ষা : ২০২৫

সময় ঃ ১ ঘ. ৩০ মি. | **অষ্টম শ্রেণি** | পূর্ণমান - ১০০

নাম / Name ........................................................................................................

### *নির্দেশিকা*

*১) প্রতি প্রশ্নের উত্তর A, B, C, D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। OMR-এ ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।*

*২) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে।*

*৩) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।*

*৪) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।*

## GROUP - A

1. চক্রাকারে আবর্তিত মহামারি হল— A) যক্ষ্মা B) উচ্চ রক্তচাপ C) ফুসফুসের ক্যানসার D) ইনফ্লুয়েঞ্জা।

2. সঠিকটি নির্বাচন করো— A) নিউমোনিয়া - ভাইরাস ঘটিত রোগ B) ডেঙ্গু জ্বর - আদ্যপ্রাণী ঘটিত রোগ
C) কালাজ্বর - আদ্যপ্রাণী ঘটিত রোগ D) ছুলি - ব্যাকটেরিয়া ঘটিত রোগ।

3. মহিলাদের মুখমন্ডলের লোমের আধিক্য দেখা যায় কোন হরমোনের বেশি ক্ষরণে—
A) অ্যাড্রিনালিম B) ইস্ট্রোজেন C) থাইরক্সিন D) সোমাটোট্রফিক।

4. কোন্‌টি অন্যদের থেকে আলাদা— A) পেনিসিলিয়াম B) অ্যাম্পিসিলিন C) স্ট্রেপটোমাইসিন D) ক্লোরোমাইসেটিন।

5. শস্যগারে শস্য সংরক্ষণের সময় ব্যবহার করা হয়— A) হাইড্রোজেন B) কার্বনডাই অক্সাইড C) অক্সিজেন D) নাইট্রোজেন।

6.

| জৈবিক প্রক্রিয়ার নাম | সংশ্লিষ্ট কাজ |
|---|---|
| i) শ্বসন | a) জীবদেহের কোশে কোনো শ্বাস বায়ু ও খাদ্যের সারাংশ পৌঁছে দেওয়া |
| ii) পুষ্টি | b) এক জায়গা থেকে অন্য জায়গায় স্থান পরিবর্তন |
| iii) সংবহন | c) শ্বাস বায়ুর আদান প্রদান ও শক্তি উৎপাদন |
| iv) গমন | d) খাদ্যের পরিপাক, শোষণ, আত্তীকরণ ও অপাচ্য খাদ্যের বহিঃষ্করণ। |

A) i–c, ii–d, iii–a, iv–b B) i–d, ii–c, iii–a, iv–b C) i–c, ii–d, iii–b, iv–a D) i–d, ii–c, iii–b, iv–a

7. নীচের কোনটি থার্মোফিলিক ব্যাকটেরিয়া—
A) ভিব্রিও কলেরি (Vibrio Cholerae) B) থারমাস অ্যাকুয়াটিকাল (Thermus Aquaticus)
C) স্ট্রেপটোকক্কাস (Streptococcus) D) মাইকোব্যাকটেরিয়া (Mycobacteria)

8. চায়ে উপস্থিত কোন্‌ উপাদান আমাদের রক্তে কোলেস্টেরলের মাত্রা কমাতে সাহায্য করে—
A) পলিফেনল B) ট্যানিন C) ক্যাফিন D) কোনটিই নয়।

9. শীতকালে আগুন জ্বালিয়ে তার পাশে বসলেই আমাদের গরম লাগে। এক্ষেত্রে যে পদ্ধতিতে তাপ আসে তা হল—
A) পরিবহন B) পরিচলন C) বিকিরণ D) সবকটি পদ্ধতি।

10. ${}_{6}C^{14}$ ও ${}_{7}N^{14}$ এরা পরস্পরের—
A) আইসোটোপ B) আইসোবার C) আইসোটোন D) আইসোমার।

11. বেকিং সোডা দ্রবীভূত হবে— A) জলে B) কেরোসিনে C) বেঞ্জিনে D) ইথারে।

12. প্রকৃতিতে উর্ধ্বাকাশ এবং ভূ-পৃষ্ঠের মধ্যে বিভব পার্থক্য বজায় রাখে— A) ঝড় B) ভূমিকম্প C) বজ্রপাত D) অগ্ন্যুৎপানত।

13. মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থ হল— A) $CuSO_4$ B) $NH_4OH$ C) NaCl D) $HNO_3$

14. 55gm জলের উষ্ণতা $25^0C$ থেকে $50^0C$ করা হল। জলের দ্বারা গৃহীত তাপের পরিমাণ (জলের আপেক্ষিক তাপ 1 Cal/g/$^0C$)
A) 55 Cal B) 1375 Cal C) 1205 Cal D) 25 Cal.

15. শুকনো খাবার সোডা ও টারটারিক অ্যাসিডের কেলাসের মধ্যে বিক্রিয়াটি শুধুমাত্র জলের উপস্থিতিতেই ঘটে। এক্ষেত্রে 'জল' হল—
A) উৎসেচক B) বিক্রিয়ক C) অনুঘটক D) প্রভাবক।

16. বাতাসের সাপেক্ষে কাঁচের সংকট কোণ $42^0$, আলোক রশ্মি কাঁচে $42^0$ কোণে আপতিত হলে, কাঁচ থেকে বাতাসে প্রতিসরণ কোণ হবে—
A) $0^0$ B) $90^0$ C) $180^0$ D) $42^0$

17. কোনো অঞ্চলে চ্যাপ্টা আকৃতির ভূমিরূপ দেখা গেলে, অঞ্চলটি যে শিলা দ্বারা গঠিত—
A) গ্রানাইট B) ব্যাসাল্ট C) চুনাপাথর D) বেলেপাথর।

18. বিকালে বা সন্ধ্যার দিকে সমুদ্র বা নদীর ধারের আবহাওয়া বেশ আরামদায়ক হয় যে বায়ুর প্রভাবে—
A) আকস্মিক বায়ু B) সাময়িক বায়ু C) আয়ন বায়ু D) স্থানীয় বায়ু।

19. $3^x + 3^y = 10$ এবং $3^{x+y} = 5$ হলে $3^{x-y} + \frac{1}{3^{x+y}}$ এর মান হবে— A) 81 B) 99 C) 18 D) 123

20. চিনির মুল্য 20% বৃদ্ধির জন্য কোন পরিবার যদি চিনির খরচ 4% কমাতে চায়, এই জন্য চিনির শতকরা ব্যবহার কত কমাতে হবে?
A) $16\frac{2}{3}\%$ B) $83\frac{1}{3}\%$ C) 20% D) 25%

21. যদি $2^a = 3^b = 6^c$ হয় তবে নিচের কোন্ সম্পর্কটি সত্য হবে—
A) $c = \frac{ab}{a+b}$ B) $c = \frac{a+b}{a-b}$ C) $\frac{b^2c}{a^2+c} = c^2a$ D) ab = c

22. $\Delta ABC$ এর $\angle BAC$ এর অন্তঃসমদ্বিখন্ডক ও $\angle ACB$ বহিঃসমদ্বিখন্ডক পরস্পর D বিন্দুতে মিলিত হয়। যদি $\angle BDC = 60^0$ হয় তবে $\angle BAC$ এর মান— A) $30^0$ B) $60^0$ C) $120^0$ D) $90^0$

23. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 একক, 4 একক ও 5 একক। ত্রিভুজটি কোন ভেদে কি ধরনের ত্রিভুজ—
A) সমকোণী B) স্থূলকোণী C) সূক্ষ্মকোণী D) কোনোটিই নয়।

24. একটি পরীক্ষায় A, 60% মার্কস পায়। B, A এর 20% বেশি পায় তবে B এর প্রাপ্ত নম্বর—
A) 80% B) 70% C) 72% D) কোনোটিই নয়।

25. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য 10 একক করে এবং তাদের মধ্যবর্তী কোণ $90^0$ হলে ত্রিভুজটির ক্ষেত্রফল হবে—
A) 25 ব: একক B) $25\sqrt{2}$ একক C) 50 ব: একক D) কোনোটিই নয়।

26. দুটি কোণ পরস্পর পূরক এবং একটি অপরটির 5 গুণ হলে ক্ষুদ্রতম কোনটির মান—
A) $15^0$ B) $30^0$ C) $60^0$ D) $90^0$

27. 14 kg একটি মিশ্রনে A ও B 5:2 অনুপাতে মিশ্রিত আছে আর কত kg B মেশালে অনুপাতটি 2:5 হবে?
A) 25 kg B) 14 kg C) 35 kg D) 21 kg

28. $\frac{1}{6}$ ও $\frac{1}{7}$ এর মধ্যে মুলদ সংখ্যার সংখ্যা হল— A) 1 B) 7 C) 6 D) অসংখ্য।

29. যদি কোন সাংকেতিক ভাষায় "STOP" কে লেখা হয় TUPQ, তবে সেই ভাষায় "GOLD" কে লেখা হবে—
A) HEMP B) BELM C) HPME D) FNKC

30. 
. চিত্রে কতগুলি আয়তক্ষেত্র আছে লেখো—
A) 9 B) 10 C) 11 D) 12

## GROUP - B

31. নীচের কোনটি অপ্রচলিত শক্তির উৎস—
A) কয়লা B) পেট্রোলিয়াম C) সূর্যালোক D) প্রাকৃতিক গ্যাস।

32. সত্যেন্দনাথ বসু কোন্ বিজ্ঞানীর সাথে মিলিত ভাবে পদার্থ বিজ্ঞান একটি নতুন তত্ত্ব দেন?—
A) আইনস্টাইন B) আইজ্যাক নিউটন C) ম্যাক্স প্লাঙ্ক D) নীলস বোর।

33. প্রশান্ত মহলানবীশ কোন বিষয়ের সাথে যুক্ত ছিলেন— A) রসায়ন B) পদার্থবিদ্যা C) পরিসংখ্যান D) জ্যোতির্বিজ্ঞান।

34. ওজন স্তর আমাদের কী থেকে রক্ষা করে? A) বৃষ্টি B) অতিবেগুনি রশ্মি C) বায়ুদূষণ D) শব্দ দূষণ।

35. ভারতীয় প্রথম নোবেল জয়ী বিজ্ঞানী হল— A) হরগোবিন্দ খোরানা B) সি.ভি রমন C) অমর্ত্য সেন D) মেঘনাদ সাহা।

36. সর্বোচ্চ আম উৎপাদনকারী দেশ হল— A) ইন্দোনেশিয়া B) থাইল্যান্ড C) ভারত D) শ্রীলঙ্কা।

37. ভারত অলিম্পিকে নিচের কোন সালে হকি খেলায় সোনার পদক পায়— A) ১৯৮০ B) ১৯৭৬ C) ২০২৪ D) ২০২০।

38. তাপ পেলে কোন্ ভিটামিন নষ্ট হয়ে যায়— A) ভিটামিন-বি B) ভিটামিন-সি C) ভিটামিন-কে D) ভিটামিন-এ।

39. 2025 সালে 18 মার্চ স্পেসস্টেশন থেকে সুনিতা উইলিয়ামস ও বুচ উইলমরকে যে যানে পৃথিবীতে আনা হয় তার নাম—
A) স্পেস-এক্স ক্রিউ ড্রাগন ক্যাপসুল B) স্পেস এক্স 2025 ড্রাগন ক্যাপসুল
C) সেভ এক্স ক্রিউ ড্রাগন ক্যাপসুল D) ইলনমাস্ক ড্রাগন ক্যাপসুল।

40. 28 শে ফেব্রুয়ারী জাতীয় বিজ্ঞান দিবস কার জন্মদিন উপলক্ষে পালিত হয়—
A) আচার্য জগদিশচন্দ্র বসু B) সত্যেন্দ্রনাথ বসু C) আচার্য প্রফুল্লচন্দ্র রায় D) সি.ভি রমন।

## GROUP - C

41. চন্দনদের চার বন্ধুর মধ্যে আমিষ ও নিরামিষ খাবারনিয়ে কথাবার্তা হচ্ছিল। ওদের মধ্যে কার কথা তোমার কাছে ঠিক বলে মনে হয়—
A) অসীম — যারা আমিষ খাবার খায় তাদের মধ্যে রোগ ব্যধি বেশি নয়।
B) আনিসুর — খাবার আমিষ না নিরামিষ সেটা কথা নয়, দেখতে হবে খাবারটা সুষম হচ্ছে কিনা।
C) আনন্দ — আমি মাংস খুব অপছন্দ করি। যারা বেশি মাছ মাংস খায় তাদের স্বভাব খুব উগ্র হয়।
D) ইকবাল — আমি আবার মাংস ছাড়া কিছুই খেতে ভাল বাসি না; মায়ের বকুনিতে একটু আধটু শাক-সব্জি খেতে হয়।

42. মরনোত্তর দেহদান (মৃত্যুর পর দেহ সৎকার না করে চিকিৎসা বিজ্ঞানের স্বার্থে মৃতদেহটি হাসপাতালে দান করা) সম্পর্কে কোন্ কথাটি ঠিক নয়?—
A) মৃত্যুর পরে দেহদানের ফলে চিকিৎসা বিজ্ঞানের শিক্ষা অনেক সহজ হয়েছে।
B) শব ব্যবচ্ছেদের মাধ্যমে মানবদেহের ভিতরের গঠন ও তার কাজ সম্পর্কে জ্ঞানলাভ করা বিষয়টি প্রায় সাড়ে তিন হাজার বছর আগে ভারতে প্রচলিত ছিল।
C) পরে শব ব্যবচ্ছেদ নিষিদ্ধ হয়, কারণ এতে মৃতের আত্মা শান্তি পায় না।
D) 1836 খৃঃ বাঙালি আয়ুর্বেদিক চিকিৎসক মধুসূদন গুপ্ত প্রথম পাশ্চাত্য রীতিতে শব ব্যবচ্ছেদ করেন।

43. পৃথিবীর ক্রমশ গরম হয়ে ওঠার সমস্যাটি আজ তোমাদের ক্লাশে খুব ভালভাবে আলোচনা হল। দিদিমণি বললেন দেশের পরিচালকরা ছাড়া আমাদের ছোট-বড় সকলের জীবন যাত্রা ও অভ্যাসের মধ্যে যে পরিবর্তন গুলি আনা দরকার, সে সম্পর্কে তোমরা বলো। কে ভুল বলল?—
A) ডালিয়া— আমরা অনেক গাছ লাগাবো, যে বনভূমি গুলি আছে সেগুলি রক্ষা করব।
B) আফরোজা— আমরা বিদ্যুৎ, গ্যাস, পেট্রোল, ডিজেল ইত্যাদির খরচ কমাবার চেস্টা করব।
C) মৌসুমী— জলের অপচয় বন্ধ করব। বৃষ্টির জল সংরক্ষন করব।
D) নাসিমা— সৌরবিদ্যুৎ ব্যবহারের ব্যবস্থা করব।

44. বিজ্ঞানী বা বিজ্ঞান প্রচারক ও তাঁদের কাজ নিয়ে নিচের জোড়গুলি করা হয়েছে। কোন্ কোন্ জোড়গুলি ঠিক আছে?—
ক) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী — বঙ্গলক্ষ্মীর ব্রত কথা
খ) সত্যেন বসু — বাংলা ভাষায় বিজ্ঞান চর্চা
গ) প্রফুল্লচন্দ্র রায় — অব্যক্ত
ঘ) জগদীশ চন্দ্র বসু — এ হিস্ট্রি অফ হিন্দু কেমেস্ট্রি।
A) ক ও খ B) খ ও গ C) গ ও ঘ D) ঘ ও ক।

45. শিল্প বিপ্লবের পর থেকে আজ পর্যন্ত বায়ুমন্ডলে গ্রীন হাউস গ্যাস উদ্গীরণ করার বিষয়ে নিচের চারটি দেশের মধ্যে কোন্ দেশটির ভূমিকা সর্বাধিক?—
A) ভারত B) চীন C) আমেরিকা D) ইংল্যান্ড।

46. নিচের কোন্ কোন্ বিবৃতিগুলি ভুল?—
ক) ভারতবর্ষ একটাই দেশ। দেশের সব মানুষের ভাষা, পোষাক ও খাদ্য একই রকম হওয়া উচিত।
খ) ভারতবর্ষ একটা দেশ হলেও এখানে নানা ভাষা, নানা খাদ্য-রুচি ও নানাবিধ পোষাকের মানুষ বসবাস করে। তাদের স্বাধীনতায় হস্তক্ষেপ করা ঠিক নয়।
গ) ভারতবর্ষের মানুষের মধ্যে বিভিন্নতা থাকলে তাদের সত্তার রক্ষা করা সম্ভব নয়।
ঘ) কবিগুরু বলেছেন— 'নানা ভাষা নানা মত নানা পরিধান / বিবিধের মাঝে দেখ মিলন মহান।' কাজেই বিভিন্নতার মধ্য দিয়েই দেশের ঐক্য রক্ষা করা সম্ভব।
A) ক ও গ B) খ ও গ C) খ ও ঘ D) সবগুলিই ভুল।

47. 2013 থেকে 2017 সালের মধ্যে দেশে উগ্র ধর্মান্ধদের হাতে খুন হয়েছেন দাভোলকার, পানসার, কালবুর্গি ও লঙ্কেশ। এই মহান শহীদদের নামের পাশে তারা কেন ধর্মান্ধদের দ্বারা আক্রান্ত হয়েছিলেন তার প্রধান কারণ উল্লেখ করা হয়েছে। কোন্‌টি ভুল?—
A) দাভোলকার — কুসংস্কার দূর করতে চেয়েছিলেন।
B) পানসারে — 'শিবাজী কৌন থা' বইটিতে তিনি শিবাজীর ধর্মনিরপেক্ষ চরিত্রের কথা উল্লেখ করেছিলেন।
C) কালবুর্গি — কন্নড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন।
D) লঙ্কেশ — নির্ভিক সাংবাদিকতা।

48. উন্নয়নের জন্য গাছ কাটার প্রয়োজন হতে পারে। সেক্ষেত্রে নিচের কোন কাজগুলি আবশ্যিক বলে তুমি মনে কর?—
ক) দীর্ঘ মেয়াদী পরিকল্পনা করে যতগুলি গাছ কাটা পড়বে তার ৫-১০ গুণ গাছ লাগিয়ে বড় করার পর কাটলে পরিবেশের কম ক্ষতি হবে।
খ) দেশে গাছের অভাব নেই। উন্নয়নের জন্য গাছ কাটলেও পরিবেশের কোন ক্ষতি হবে না।
গ) গাছগুলিকে না কেটে অন্যত্র উপযুক্ত স্থানে প্রতিস্থাপন করতে হবে।
ঘ) উন্নয়নের প্রয়োজনে গাছগুলিকে কেটে নিয়ে প্রতি গাছ পিছু একটি করে গাছ লাগিয়ে দিলেই যথেস্ট।
A) ক, খ ও গ B) খ ও গ C) গ D) ক ও গ।

49. শহরগুলিতে প্রায় দেখা যাচ্ছে এক-দু ঘন্টা টানা বৃষ্টি হলে রাস্তায় জল জমে যাচ্ছে। ঘরের মধ্যে জল ঢুকে পড়ছে। বৃষ্টি বন্ধ হয়ে গেলেও দু-তিন দিনেও সে জল নামছেনা। কী কী করণে এই বিপর্যয় ঘটছে?।
ক) এটা কোন বিপর্যয় নয়— স্বাভাবিক ঘটনা। এই ঘটনা এড়ানোর কোন উপায় নেই।
খ) শহরের জলাভূমিগুলি ভরাট হয়ে যাচ্ছে।
গ) শহরের নিকাশী নালাগুলি বন্ধ হয়ে থাকছে।
ঘ) জলাভূমিগুলি ভরাট হচ্ছে অথচ নতুন করে জলাভূমি তৈরী হচ্ছে না।

A) ক B) খ ও ঘ C) খ ও গ D) খ, গ ও ঘ।

50. তোমার এক বন্ধু তোমাকে খবর দিল যে তোমাদের পাড়ার একজনের বাড়ির মেঝের নির্দিষ্ট জায়গা বেশ গরম হয়ে গিয়েছে। ঐ বাড়িতে এখন প্রচুর মানুষের সমাবেশ। ঘটনা সম্পর্কে তাদের বক্তব্যগুলির কোনটি ঠিক ?

A) এই বাড়িতে অশরীরী আত্মা ভর করেছে। সেই আত্মাকে শান্ত না করলে বাড়ির মেঝে স্বাভাবিক অবস্থায় ফিরবে না।

B) বাস্তু দেবতা রুষ্ট হয়েছেন। তাঁকে শন্তুষ্ট করা প্রয়োজন।

C) ঐ অশরীরী আত্মাকে শান্ত করার জন্য ওঝা ডাকতে হবে ও বাস্তু দেবতাকে সন্তুষ্ট করার জন্য পুজোর ব্যবস্থা করতে হবে।

D) প্রশাশনকে খবর দিয়ে মেঝের নির্দিষ্ট জায়গা গরম হওয়ার বৈজ্ঞানিক কারণ অনুসন্ধানের ব্যবস্থা করে, সেই কারণ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

---

# Rough